RBI/2016-17/329
DBR.NBD.No.77/16.13.218/2016-17 জুন 29, 2017

পেমেন্ট ব্যাংকগুলির মুখ্য কার্যনির্বাহী অধিকারিকগণ

মহাশয়া / প্রিয় মহাশয়

**পেমেন্ট ব্যাংকসমূহে গ্রাহকদের জমা করা আমানতের সর্বোচ্চ সীমা – অন্য ব্যাংকের সঙ্গে স্থানান্তরণের ব্যবস্থাপনা**

পেমেন্ট ব্যাংকগুলির কার্য সম্পাদন সংক্রান্ত অক্টোবর 6, 2016 তারিখাঙ্কিত নির্দেশিকার (কার্য সম্পাদন সংক্রান্ত নির্দেশিকা) অনুচ্ছেদ 7(i) দেখুন যার অধীনে পেমেন্ট ব্যঙ্কগুলিকে (PBs) অনুমোদন দেওয়া হয়েছিল যার দ্বারা তারা গ্রাহকদের নির্ধারিত অর্থের অতিরিক্ত রাশিকে তাদের নামে খোলা কোন তফশীলভুক্ত বাণিজ্যিক ব্যাংক / ক্ষুদ্র ফিনন্স ব্যাংকের অ্যাকউন্টে স্থানান্তরণ করার ব্যবস্থপনা নির্মাণ করতে পারবে৷

2. পেমেন্ট ব্যাংক থেকে পাওয়া মতামত / প্রস্তাব বিবেচনার পর এবং পেমেন্ট ব্যাংক মডেলের আর্থিক অন্তর্ভুক্তির উদ্দেশ্য বিবচনা করে নিম্নলিখিত নির্দেশগুলি অনুসরণ করতে হবে :

i. পেমেন্ট ব্যাংকগুলি অন্যান্য ব্যাংকের বাণিজ্য সহায়ক (বি সি) হিসাবে কাজ করতে পারে। বি সি ব্যবস্থাপনা অনুসারে এবং গ্রাহকদের বিশেষ পূর্বসম্মতি বা সাধারণ সম্মতির ভিত্তিতে পেমেন্ট ব্যাংকগুলি তাদের অ্যাকাউন্টে জমা দেওয়া টাকা অন্য কোন অনুমোদিত ব্যাংকে স্থানান্তরণ করে পারে এই শর্তে যে পেমেন্টে ব্যাংকে তাদের জমা করা টাকার পরিমাণ ₹ 1 লাখ টাকা বা তার চেয়ে কম কোন নির্দেশিত সীমা অতিক্রম না করে।

ii. যে কোন সময়ে পেমেন্ট ব্যাংকের অন্য কোন ব্যাংকে, স্থানান্তরণকারী ব্যাংক্স সহ ওই গ্রাহকের অ্যাকাউন্টে জমা টাকার উপর, লেনদেন করার জন্য প্রকৃত সময়ের ভিত্তিতে সংযোগ স্থাপনের অধিকার থাকবে।যদিও, একটি ব্যাংকের বাণিজ্য সহায়ক হিসাবে পেমেন্ট ব্যাংকগুলি তাদের অ্যাকাউন্ট থেকে গ্রাহকদের টাকা তোলার বা স্থানান্তরণ করার জন্য সহায়তা প্রদান করবে সেই ব্যাকের ক্ষেত্রে তারা যে ব্যাংকের বাণিজ্য সহায়ক৷ স্পষ্টীকরণ করা হচ্ছে যে পেমেন্ট ব্যাংক তাদের গ্রাহকদের অন্য ব্যাংকে ধারণ করা জমা টাকার উপর আইনি অধিকার অর্পণের দস্তাবেজের উপর ভিত্তি করে বা গ্রাহকের কোন সাধারণ সম্মতির ভিত্তিতে কোন ডেবিট লেনদেন করতে পারবে না৷

iii. অন্য ব্যাংকে রাখা গ্রাহকদের টাকার উপর ভিত্তি করে বা অন্য উপায়েও কোন পেমেন্ট ব্যাংক তাদের গ্রাহকদের জন্য দৈনিক ভিত্তিতে ফান্ডিং সুবিধার ব্যবস্থাপনা করতে বা সুবিধা নিতে পর্বে না৷

iv. গ্রাহকের অর্থনৈতিক অবস্থানের সঙ্গে অসংগতিপূর্ণ জমা বা লেনদেনের সংগঠন সনাক্তকরণের জন্য এবং সন্দেহজনক লেনদেন নির্ধারণ এবং সে সংক্রান্ত তথ্য প্রদান করার জন্য পেমেন্ট ব্যাংকগুলিকে তাদের গ্রাহকদের অ্যাকাউন্টগুলির উপর ঘনিষ্ট নজরদারী বজায় রাখতে হবে।

3. এই নির্দেশগুলি কার্যসম্পাদন সংক্রান্ত নির্দেশিকার অতিরিক্ত (বাড়তি) হিসাবে অব্যবহিত ভাবে ক্রিয়াশীল হল৷

আপনার বিশ্বস্ত,

(সৌরভ সিন্হা)
মহা প্রবন্ধক